তারিখ ... 01 AUG 2016 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

যুগান্তর

জঙ্গিবিরোধী মানববন্ধন আজ

# অংশ নেবেন ৫০ লাখ শিক্ষক শিক্ষার্থী

**যুগান্তর রিপোর্ট**

জঙ্গিবাদের বিরুদ্ধে আজ সারা দেশে মানববন্ধন কর্মসূচি পালন করবেন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও শিক্ষকরা। এই কর্মসূচিতে অন্তত ৫০ লাখ শিক্ষক-শিক্ষার্থী অংশ নেবেন বলে জানিয়েছে আয়োজক প্রতিষ্ঠান বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। জঙ্গিবাদের বিরুদ্ধে শিক্ষার্থীদের পাশাপাশি অভিভাবক ও সাধারণ মানুষকে সচেতন করতে এই কর্মসূচি হাতে নেয়া হয়েছে।

জানা গেছে, সারা দেশের ১৩১ সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়, ২০৫ ফাজিল-কামিল মাদ্রাসা, ২২ শতাধিক বিভিন্ন পর্যায়ের কলেজ একযোগে এই কর্মসূচি পালন করবে। কেন্দ্রীয় কর্মসূচির আয়োজন করা হয়েছে ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনারে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এতে

■ পৃষ্ঠা ১৪ : কলাম ৪

## অংশ নেবেন ৫০ লাখ শিক্ষক শিক্ষার্থী

(১ম পৃষ্ঠার পর)

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। কেন্দ্রীয় কর্মসূচির ব্যবস্থাপনায় রয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এতে ইডেন কলেজ, বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, শেখ বোরহানউদ্দিন পোস্ট গ্রাজুয়েট কলেজ এবং তেজগাঁও কলেজের শিক্ষার্থী-শিক্ষকরা অংশ নেবেন। শেখ বোরহানউদ্দিন পোস্ট গ্রাজুয়েট কলেজের অধ্যক্ষ মো. আবদুর রহমান যুগান্তরকে বলেন, নিউমার্কেট, আজিমপুর, পলাশী, বকশিবাজার, হাইকোর্ট, দোয়েল চত্বর, বাংলা একাডেমি ও শাহবাগ এলাকায় মানববন্ধন করার দায়িত্ব দেয়া হয়েছে চার কলেজকে। এর মধ্যে আমাদের কলেজের স্পট হচ্ছে হাইকোর্ট থেকে দোয়েল চত্বর হয়ে বাংলা একাডেমি পর্যন্ত। বাংলা একাডেমি থেকে শাহবাগ পর্যন্ত এলাকা কাভার করবে তেজগাঁও কলেজ।

এ ব্যাপারে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. হারুন-অর-রশিদ বলেন, আমাদের কলেজগুলো সারা দেশে অভিন্ন ব্যানার ব্যবহার করবে। 'সন্ত্রাস নয় শান্তি চাই, শংকামুক্ত জীবন চাই' এই স্লোগান লেখা থাকবে ব্যানারে।

এদিকে এই কর্মসূচিকে সামনে রেখে রোববার ইউজিসিতে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। এতে সংস্থাটির চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান বলেন, 'গুলশানের হলি আর্টিজান রেস্টুরেন্টে মর্মান্তিক জঙ্গি হামলার প্রতিবাদে ইউজিসির সামনে বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত মানববন্ধন অনুষ্ঠিত হবে। আশা করছি সারা দেশের কর্মসূচিতে ৪৫ লাখ থেকে ৫০ লাখ শিক্ষক-শিক্ষার্থী অংশ নেবেন।' এদিকে ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, 'সন্ত্রাসবাদ রুখে দাঁড়াও' শিরোনামে ব্যানার নিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী-শিক্ষকরা ধানমণ্ডি ৩২ নম্বর রোডের মুখে রাসেল স্কয়ারে মানববন্ধনে অংশ নেবেন। ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশের ভিসি অধ্যাপক ড. আবদুল মান্নান চৌধুরী জানান, তারা মেহের প্লাজা, ধানমণ্ডি ৪ এবং ৫ নম্বর রোড সংলগ্ন মিরপুর রোডের উভয় পাশে মানববন্ধন রচনা করবেন। নর্দার্ন ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের (বিওটি) চেয়ারম্যান অধ্যাপক ড. আবু ইউসুফ মো. আবদুল্লাহ জানান, বনানীর চেয়ারম্যান বাড়ি থেকে কাকলী মোড় হয়ে নৌবাহিনী সদর দফতর পর্যন্ত রাস্তার পূর্বপাশে মানববন্ধন রচনা করবেন তারা। এতে বিশ্ববিদ্যালয়ের ৪ সহস্রাধিক শিক্ষক-শিক্ষার্থী অংশ নেবেন। জানা গেছে, এভাবে প্রত্যেক উচ্চশিক্ষা প্রদানকারী কলেজ ও বিশ্ববিদ্যালয় নিজ নিজ ক্যাম্পাস বা নিকটস্থ রাস্তার পাশে জঙ্গিবাদকে 'না' বলে মানববন্ধন করবে। বেসরকারি বিশ্ববিদ্যালয় মালিক সমিতি শনিবার বৈঠক করে সব বেসরকারি বিশ্ববিদ্যালয়কে ইউজিসি আহূত কর্মসূচি পালনের আহ্বান জানিয়েছে। সমিতির সভাপতি শেখ কবির হোসেন জানান, ইউজিসি আহূত মানববন্ধন জোরালোভাবে পালন করব আমরা। এ লক্ষ্যে সমিতি পোস্টার পাঠাবে সব বিশ্ববিদ্যালয়ে। পাশাপাশি প্রত্যেক বিশ্ববিদ্যালয় নিজেদের মতো করে ব্যানার ও ফেস্টুন বহন করতে পারবে।